



বাংলাদেশ স্কাউটস, খুলনা জেলা  
সহকারী পরিচালক এর কার্যালয়  
জেলা স্কাউট ভবন, খালিশপুর, খুলনা।  
E-mail: jamalkkp@gmail.com

স্মারক নং- বাঃ স্কাঃ খুঃ জেঃ(স্কাউট ভবন)১০(৯)/২০২৪

তারিখঃ-২৭ মার্চ ২০২৪

নিলাম বিজ্ঞপ্তি


বাংলাদেশ স্কাউটস, খুলনা জেলার খালিশপুর খুলনায় (ন্যাশনাল স্কুল এর পাশে) "খুলনা জেলা স্কাউট ভবন এর ০৩ রুম বিশিষ্ট পুরাতন অফিস" গোপন খামে নিলাম ডাকের মাধ্যমে বিক্রয় করা হবে।

নিলামে বিক্রয়ের জন্য ভবন এর বিবরণ :

ক্রমিক	ভবন	বিবরণ
০১	অফিস কক্ষ	০৩ রুম বিশিষ্ট ০১ টি পুরাতন অফিস ভবন (দৈর্ঘ্য ১১.৭০ মিটার x প্রস্থ ৭.৫০ মিটার)। অফিসের আসবাবপত্র বিক্রি করা হবে না।

শর্তাদি :

০১।	আগামী ১/৪/২০২৪ তারিখ দুপুর ১২.০০ টার মধ্যে খুলনা মেট্রো জেলা স্কাউটস এর অস্থায়ী অফিস, খুলনা জিলা স্কুল এ গোপন খামে মূল্য উল্লেখ করে জমা দিয়ে নিলামে অংশগ্রহণ করতে হবে। জামানত হিসেবে ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা নগদ জমা দিতে হবে। (প্রয়োজনে যোগাযোগ: সেখ সিরাজ হোসেন, সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, খুলনা মেট্রো জেলা, ও সিনিয়র শিক্ষক, খুলনা জিলা স্কুল, খুলনা, ০১৯১৪-৯৮৭৫৬৯; ০১৭১৮-৫৫ ২৩ ১৭)
০২।	সর্বোচ্চ মূল্য প্রদানকারীকে ০২ (দুই) কার্যদিবসের মধ্যে সমুদয় বিক্রয়মূল্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে "খুলনা স্কাউট ভবন নির্মাণ কমিটি" অনুকূলে এবং সরকারি বিধি অনুযায়ী ভ্যাট ও আয়কর পরিশোধ করে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর কপি নিম্নস্বাক্ষরকারী নিকট প্রেরণ করলে কার্যাদেশ প্রদান করা হবে।
০৩।	কার্যাদেশ প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে ভবন অপসারণ করতে হবে। অন্যথায় জমাকৃত টাকা বাজেয়াপ্ত হবে।
০৪।	সর্বোচ্চ ডাককারী কর্তৃক ডাকমূল্য জমাদান সাপেক্ষে সর্বোচ্চ ডাককারী এবং অন্যান্য ডাককারীর জামানত ফেরত প্রদান করা হবে।
০৫।	নিলাম ডাকে অংশগ্রহণকারী অফিস চলাকালীন পরিদর্শন করতে পারবেন।
০৬।	কর্তৃপক্ষ যেকোন নিলাম ডাক গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

  
(মোঃ জামাল উদ্দীন)

সহকারী পরিচালক

বাংলাদেশ স্কাউটস, খুলনা জেলা।

(খুলনা, মেট্রো, বাগেরহাট ও সাতক্ষীরা জেলা)

☎+৮৮-০১৭১০-৪৩৮৫৫০

বিতরণ (নিলাম বিজ্ঞপ্তিটি প্রচার করা/নোটিশ বোর্ডে দেয়ার জন্য অনুরোধ করা হলো):

- ০১। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, খুলনা;
- ০২। কমিশনার/সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, খুলনা জেলা, মেট্রো, জেলা রোভার (বহুল প্রচারের জন্য);
- ০৩। নোটিশ বোর্ড, খুলনা মেট্রো জেলা স্কাউটস এর অস্থায়ী অফিস, খুলনা জিলা স্কুল, খুলনা;

সদয় জ্ঞাতার্থে অনুলিপি :

- ০১। জেলা প্রশাসক খুলনা ও সভাপতি, বাংলাদেশ স্কাউটস, খুলনা জেলা, মেট্রো ও জেলা রোভার;
- ০২। অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি), খুলনা;
- ০৩। আঞ্চলিক পরিচালক ও সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, খুলনা অঞ্চল।